

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
মনিটরিং শাখা
www.probashi.gov.bd

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্ম পরিকল্পনার সূচক ৫.১ অনুসারে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
তারিখঃ ০২-১১-২০২০ খ্রিঃ
সময়ঃ সকালঃ ১০.০০ টা
সভার স্থানঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট “ক”

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে আজকের সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করে বলেন যে, গত ১২-১০-২০২০ খ্রিঃ তারিখে ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবনী কর্ম পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত ছকের সূচক ৫.১ অনুসারে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করা হয়। উক্ত আহ্বানের প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে নিম্নবর্ণিত ০৪ টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা পাওয়া যায়ঃ

ক্রম.	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার নাম	ধারণা প্রদানকারীর নাম ও পদবী
০১	মন্ত্রণালয়ে উইং ভিত্তিক ডাটা শেয়ারিং সিস্টেম চালুকরণ	জনাব মোঃ শহীদুল আলম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
০২	মন্ত্রণালয়ের জন্য চালুকৃত ভাইবার গ্রুপ মেইলে সভা সংক্রান্ত সকল নোটিশ, ওয়ার্কিং পেপার ও কার্যবিবরণী প্রকাশ	জনাব মোঃ আবু রায়হান সিস্টেম এনালিস্ট
০৩	দাপ্তরিক কাজে কাগজের ব্যবহার হ্রাসকল্পে বিকল্প হিসেবে বাক্স এসএমএস এর ব্যবহার	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান সহকারী সচিব (আইন)
০৪	মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তরসমূহের সেবার তালিকা এক নজরে ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রদর্শন	জনাব মোঃ দেলোয়ার হোসাইন সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর

আলোচনাঃ

১.১ উপস্থিত কমিটির সদস্য যুগ্মসচিব (বাজেট ও অডিট) জনাব মোঃ আঃ খালেক মল্লিক বলেন, মন্ত্রণালয়ে উইং ভিত্তিক ডাটা শেয়ারিং সিস্টেম চালু একটি সুন্দর ও গুরুত্বপূর্ণ উদ্ভাবনী ধারণা। এর মাধ্যমে শাখা/উইং প্রধানগণ সফট্ কপিতে খসড়া সংশোধন করতে পারবেন; ফলে কাজের গতি বৃদ্ধি পাবে এবং কাগজের অপচয় রোধ করা সম্ভব হবে।

১.২ মন্ত্রণালয়ের জন্য চালুকৃত ভাইবার গ্রুপে সভা সংক্রান্ত সকল নোটিশ, ওয়ার্কিং পেপার ও কার্যবিবরণী প্রকাশ সংক্রান্ত উদ্ভাবনী ধারণার বিষয়ে আলোকপাত করা হয়। এ প্রসঙ্গে যুগ্মসচিব, শেখ মোঃ শরীফ উদ্দিন বলেন এটি বাস্তবায়িত হলে সকল প্রকার নোটিশের সফট্ কপি মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের নিকট দ্রুত পৌঁছে যাবে; এতে করে সময় ও কাগজের অপচয় রোধ করা সম্ভব হবে।

১.৩ দাপ্তরিক কাজে কাগজের নোটিশ প্রদানের বিকল্প হিসেবে অফিস সংক্রান্ত তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে বাল্ক এসএমএস এর ব্যবহার সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাটির বিষয়ে উপসচিব (কল্যাণ) জনাব শাহীনা ফেরদৌসী বলেন, বিদ্যমান ব্যবস্থায় দাপ্তরিক বিভিন্ন নোটিশ ও অফিস আদেশ অধীনস্থ দপ্তর সংস্থায় পৌঁছাতে বিলম্ব হয়; যার ফলে প্রশাসনিক কার্যক্রম অনেকেংশে ব্যাহত হয়। সেক্ষেত্রে এই প্রযুক্তি অর্থাৎ বাল্ক এসএমএস ব্যবহার সিস্টেমটি চালু হলে প্রশাসনিক কার্যক্রমে গতি সঞ্চারিত হবে এবং টিসিভি (TCV) কমে আসবে।

১.৪ মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তরসমূহের সেবার তালিকা এক নজরে ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রদর্শনের বিষয়ে কমিটির সদস্য উপসচিব (মিশন) জনাব কাজী আবেদ হোসেন বলেন, এটি একটি সেবামুখী গুরুত্বপূর্ণ ধারণা। এর ফলে নাগরিক মন্ত্রণালয়ের সেবা সম্পর্কে সহজে জানতে পারবে। উপস্থিত সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন এবং ধারণাটি বাস্তবায়নের বিষয়ে মত দেন।

সিদ্ধান্তঃ প্রাপ্ত ০৪ (চার) টি উদ্ভাবনী ধারণা বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে ক্রমিক ১, ২ ও ৪ নং উদ্ভাবনী ধারণা গ্রহণপূর্বক তথ্য বাতায়নে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শহীদুল আলম, এনডিসি)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

ও

চীফ ইনোভেশন অফিসার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
- ২। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৩। অনুবিভাগ প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৬। ড. উর্মি বিনতে সালাম, উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৮। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৯। একান্ত সচিব, সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সভায় গৃহীত ধারণাসমূহ তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিস কপি।